

PRINT

সমকাল

জেএসসি ও জেডিসি রেজিস্ট্রেশন মদনে অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ

১১ ঘণ্টা আগে

মদন (নেত্রকোনা) প্রতিনিধি

মদনে জেএসসি ও জেডিসি রেজিস্ট্রেশনে অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ উঠেছে। রেজিস্ট্রেশনের নামে ২৫০ থেকে ৭৪০ টাকা পর্যন্ত আদায় করছে শিক্ষা প্রতিষ্ঠানগুলো। শিক্ষা বোর্ড রেজিস্ট্রেশন ফি বাবদ জেএসসি ৬০ টাকা ও জেডিসি ৫৫ টাকা করে নেওয়ার প্রস্তাবপত্র জারি করলেও শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিয়ম-নীতি উপেক্ষা করে বিভিন্ন অজুহাতে অতিরিক্ত টাকা আদায় করছে বলে শিক্ষার্থী ও অভিভাবকরা অভিযোগ করেছেন।

পদমশী এ ইউ খান উচ্চ বিদ্যালয়ে প্রত্যেকের কাছ থেকে ৭৪০ টাকা, বালালী বাঘমারা উচ্চ বিদ্যালয়ে ৩০০ টাকা, তিয়শ্রী এন এইচ খান একাডেমিতে ২৫০ টাকা, বাশরী মেহেরুন্নেছা উচ্চ বিদ্যালয়ে ২৫০, গোবিন্দশ্রী উচ্চ বিদ্যালয়ে ৫০০ টাকা, মদন আদর্শ পাবলিক উচ্চ বিদ্যালয়ে ২৫০ টাকা, বালালী খন্দকার আব্দুর রাজ্জাক দাখিল মাদ্রাসায় ৫০০ টাকা, বাস্তা দাখিল মাদ্রাসায় প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে ৪০০ টাকা করে রেজিস্ট্রেশনের নামে রসিদ ছাড়া আদায় করা হয়েছে।

বালালী বাঘমারা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ওয়াহিদুজ্জামান বলেন, প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে বেতনসহ ৩০০ টাকা করে নেওয়া হয়েছে। বালালী খন্দকার আব্দুর রাজ্জাক দাখিল মাদ্রাসার সুপার মো. বজলুর রহমান বলেন, বেতন ও অন্যান্য ফি বাবদ ৫০০ টাকা করে প্রত্যেক শিক্ষার্থীর কাছ

থেকে নিয়েছি।

এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোফাখখারুল ইসলাম বলেন, এ বিষয়টি আমার এখতিয়ারের বাইরে। এটা সরাসরি শিক্ষা বোর্ড নিয়ন্ত্রণ করে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:
ad.samakalonline@outlook.com